

আপনার যখন তাড়াতাড়ি ডাক্তারী সাহায্য

পাওয়ার দরকার হয়, কিন্তু সেটা প্রাণসংশয়কারী

অবস্থা নয় - 1 1 1 নম্বরে টেলিফোন করবেন

1 1 1 নম্বরটা কি ?

যদি আপনার তাড়াতাড়ি চিকিৎসা পাওয়া দরকার হয়, কিন্তু এটা কোন প্রাণসংশয়কারী অবস্থা নয়, তাহলে আপনি এখন এনএইচএস-এর (NHS-এর) নতুন 111 নম্বরে টেলিফোন করতে পারেন। আপনি যখন 111 নম্বরে টেলিফোন করবেন, তখন একজন প্রশিক্ষণপ্রাপ্ত উপদেষ্টা আপনার কি অসুবিধা তা জানার উদ্দেশ্যে আপনাকে প্রশ্ন করবেন, আপনাকে ডাক্তারী উপদেশ দেবেন এবং সাহায্য করতে পারবে এরকম কারুর কাছে আপনাকে যেতে বলবেন, যেমন স্বাভাবিক সময়ের বাইরে কাজ করেন এরকম একজন ডাক্তার বা কমিউনিটি নার্সের কাছে।

যদি সেই উপদেষ্টা মনে করেন যে আপনার অবস্থাটা বেশ গুরুতর, তাহলে তিনি আপনাকে হাসপাতালে যেতে বলবেন অথবা একটা এম্বুলেন্স পাঠিয়ে দেবেন। আপনি যদি ইংরেজী না বলতে পারেন, তাহলে উপদেষ্টাকে জানাবেন আপনি কোন্ ভাষায় কথা বলতে চান, এবং তিনি আপনার জন্য একজন দোভাষী এনে দেবেন। দিনের যে কোন সময়ে আপনি 111 নম্বরে টেলিফোন করতে পারেন। ল্যান্ডলাইন বা মোবাইল ফোনের থেকে এই কলটা করতে কোন খরচ হয় না।

আমি কখন এটা ব্যবহার করব ?

শুধুমাত্র ইমারজেন্সীতেই (অকস্মাৎ অত্যন্ত জরুরী দরকারে) আপনার 999 নম্বরে টেলিফোন করা উচিত - যেমন, যখন কারুর প্রাণসংশয়ের ঝুঁকি থাকে অথবা গুরুতর রকমের আঘাত লাগে বা অসুস্থতা সঙ্কটজনক হয়।

আপনার যদি তাড়াতাড়ি ডাক্তারী সাহায্য দরকার হয় কিন্তু তা প্রাণসংশয়কারী নয়, তাহলে 111 নম্বরে টেলিফোন করবেন - যেমন, যদি:

- আপনি মনে করেন যে আপনার হাসপাতালে যাওয়া দরকার
- ডাক্তারী সাহায্যের জন্য কাকে ডাকতে হবে তা আপনি না জানেন
- আপনার কোন জিপি না থাকে, যাকে আপনি টেলিফোন করতে পারেন
- এর পরে কি করতে হবে সে বিষয়ে আপনার ডাক্তারী উপদেশ অথবা আশ্বস্ত হওয়ার দরকার থাকে

জরুরী নয় এরকম স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনে, আপনার জিপিকে টেলিফোন করা উচিত।

কোন বিশেষ অবস্থার কারণে টেলিফোন করার জন্য কোন স্বাস্থ্য সংক্রান্ত পেশাদার ব্যক্তি যদি আপনাকে কোন একটা নম্বর দিয়ে থাকেন, তাহলে সেই নম্বরটাই আপনার ব্যবহার করে যাওয়া উচিত।

এটা কারা ব্যবহার করতে পারবে ?

বর্তমানে, ইংল্যান্ড-এর কিছু নির্দিষ্ট জায়গায় এনএইচএস-এর এই 111 নম্বরটা পাওয়া যায়।

আপনি যদি এই সব এলাকার বাইরে থাকেন, তাহলে আপনার 0845 4647 নম্বরে এনএইচএস ডিরেক্টকে (NHS Direct-কে) টেলিফোন করা উচিত।



when it's less
urgent than 999

আরও তথ্য

কোথায় কোথায় এনএইচএস-এর এই 111 নম্বরটা ব্যবহার করা যায় সে বিষয়ে আরও তথ্যের জন্য অথবা অন্য কোন ভাষায় এই প্রচারপত্রটি পাওয়ার জন্য, www.nhs.uk/111 ঠিকানার ওয়েবসাইটে যাবেন।

Bengali